# শিক্ষাব্যবস্থায় নতুন চাওয়া

মো. আফসারুল আলম মামুন

১১ আগস্ট, ২০২৪
০৮:৪৯

শেয়ার

অ +

অ -




আজ বাংলাদেশ আবারও নতুন করে স্বাধীন হলো। স্বাধীনতা শব্দটির সঙ্গে আগেই পরিচিত ছিলাম। ১৯৭১ সালের স্বাধীনতায় পেয়েছিলাম একটি ভূখণ্ড, তার সঙ্গে সার্বভৌমত্ব। সরকার এবং জনগণ তখনো ছিল।

কিন্তু কিসের যেন এক অপূর্ণতা ছিল। আজ ২০২৪ সালের স্বাধীনতায় সেই অপূর্ণতাটুকু যেন পূর্ণতা পেল।

সুন্দর এক ভোরের জন্য প্রথমত শিক্ষানীতি পুনরায় ঢেলে সাজাতে হবে। শিক্ষাক্রম বাতিল করে গণমানুষের উপযোগী শিক্ষাব্যবস্থা প্রণয়ন করতে হবে।


**আরো পড়ুন**



অস্ত্রের মুখে জিম্মি করে দুই তরুণীকে সংঘবদ্ধ ধর্ষণ


বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রণয়নকৃত ৯ দফার অন্যতম দফা দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্ররাজনীতি নিষিদ্ধ ঘোষণা করে ছাত্রসংসদ দ্রুত কার্যকর করে শিক্ষার প্রকৃত পরিবেশ তৈরি করতে হবে। ছাত্রনেতা তৈরি হবে ছাত্রদের মধ্য থেকে। যেখানে হস্তক্ষেপ করতে পারবে না কোনো ধরনের রাজনৈতিক দল। শুধু ছাত্রদের রাজনীতি নয়, ক্যাম্পাস প্রাঙ্গণে লাল দল, নীল দল নামে শিক্ষকদের সব রাজনৈতিক কার্যক্রম থেকে সরে আসতে হবে।

বিশ্ববিদ্যালয়গুলোতে বাজেট বরাদ্দ বাড়াতে হবে। গবেষণাসহ নানা খাতে শিক্ষক-শিক্ষার্থীদের অনুদান নিশ্চিত করতে হবে। যতক্ষণ না পর্যন্ত দেশের সব বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক মানের না হয় ততক্ষণ পর্যন্ত নতুন কোনো বিশ্ববিদ্যালয় স্থাপন করা থেকে বিরত থাকতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোর ভিসি নিয়োগে জ্ঞান ও প্রজ্ঞাকে প্রাধান্য দিয়ে প্রতিষ্ঠান

নিয়ন্ত্রণের যোগ্যতার ভিত্তিতে নিয়োগ প্রদান করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে প্রভাষক নিয়োগে বর্তমান কর্মপন্থা বাতিল করে আন্তর্জাতিক নীতি অবলম্বন করতে হবে।